

## ডিএমপি'র তালিকা : রাজধানীর ৪৫ পয়েন্ট দুর্ঘটনাপ্রবণ

সরকারি হিসাবে ২০১৮ সালে ঢাকায় সড়ক দুর্ঘটনায় ২৮৬ জন প্রাণ হারিয়েছেন, যাদের সিংহভাগই ছিলেন পথচারী। ঢাকা মহানগর পুলিশও (ডিএমপি) বলছে, রাজধানীতে সড়ক দুর্ঘটনায় যত মানুষ মারা যায়, তার সবাই প্রায় পথচারী। কিছু নির্দিষ্ট স্পটে এসব দুর্ঘটনা ঘটে বেশি। পথচারীর হাঁটা বা রাস্তা পার হওয়ার সময় দুর্ঘটনা বেশি ঘটছে, এমন ৪৫টি পয়েন্ট চিহ্নিত করেছে ডিএমপি। এসব ঝুঁকিপূর্ণ পয়েন্টের কোথাও ফুটওভার ব্রিজ, কোথাও আন্ডারপাস, আবার কোথাও জেরা ক্রসিং নির্মাণের সুপারিশ করা হয়েছে। ডিএমপি'র চিহ্নিত করা দুর্ঘটনাপ্রবণ পয়েন্টগুলোর একটি কারওয়ান বাজারের সিএ ভবনের সামনের সড়ক। গত দুই সপ্তাহে রাস্তা পার হতে গিয়ে এখানে নিহত হয়েছেন দুই পথচারী। কয়েক দিন পর পরই এখানে দুর্ঘটনায় প্রাণহানির খবর পাওয়া যায়। এ <http://bonikbarta.net>

## আগুনে ক্ষতিগ্রস্ত দুই ইউনিটে উৎপাদন বন্ধ : ক্ষয়ক্ষতি নিরূপণের পর বীমা দাবি করবে আরএন স্পিনিং

গত সপ্তাহে কুমিল্লা ইপিজেডে অবস্থিত আরএন স্পিনিং মিলস লিমিটেডের কারখানায় ভয়াবহ অগ্নিকাণ্ড ঘটে। এতে কোম্পানিটির দুটি ইউনিট পুরোপুরি ক্ষতিগ্রস্ত হয়। বন্ধ হয়ে যায় উৎপাদন কার্যক্রম। বর্তমানে কোম্পানি কর্তৃপক্ষ অগ্নিকাণ্ডের ঘটনায় কারখানার ক্ষয়ক্ষতি নিরূপণে কাজ করছে। আগুনে ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণের পর বীমা দাবি করা হবে বলে জানিয়েছেন কোম্পানির কর্মকর্তারা। জানতে চাইলে আরএন স্পিনিংয়ের কোম্পানি সচিব হান্নান মোল্লা বণিক বার্তাকে বলেন, আগুনে কারখানার অ্যাক্রিলিক ও কটন সেকশন পুরোপুরি পুড়ে গেছে এবং সব যন্ত্রপাতি ক্ষতিগ্রস্ত হয়েছে। বর্তমানে ইপিজেড কর্তৃপক্ষ ও জেলা প্রশাসনের পক্ষ থেকে অগ্নিকাণ্ডের ঘটনায় গঠন করা তদন্ত কমিটির সমস্যা কাছ করছেন। আমরা তাদের সহায়তা করছি। <http://bonikbarta.net>

## ছয় প্রতিষ্ঠানের পর্যদ সভার তারিখ ঘোষণা

পরিচালনা পর্যদের সভার তারিখ ঘোষণা করেছে পুঁজিবাজারে তালিকাভুক্ত আরো ছয় কোম্পানি। সভায় ৩১ ডিসেম্বর সমাপ্ত ২০১৮ হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, ৩১ মার্চ পর্যন্ত অনিরীক্ষিত আর্থিক ফলাফলসহ বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হবে। এভিস টেক্সটাইলস লিমিটেডের পরিচালনা পর্যদের সভা ১৫ এপ্রিল অনুষ্ঠিত হবে। এতে অন্যান্য বিষয়ের পাশাপাশি চলতি হিসাব বছরের ৩১ মার্চ সমাপ্ত তৃতীয় প্রান্তিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফল পর্যালোচনা করা হবে। ২০১৮ সালের ১ জুলাই শুরু হওয়া চলতি হিসাব বছরের প্রথমার্ধে (জুলাই-ডিসেম্বর) এভিস টেক্সটাইলসের সম্মিলিত শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ৭০ পয়সা, আগের বছরের একই সময়ে যা ছিল ৭৯ পয়সা। <http://bonikbarta.net>

## চিংড়ি সংকটে সাতক্ষীরার প্রক্রিয়াকরণ কারখানাগুলো

দেশে প্রতি বছর প্রায় ১৩ হাজার টন রফতানিযোগ্য চিংড়ি উৎপাদন হয়। এর মধ্যে সাতক্ষীরায় উৎপাদন হয় ৩ হাজার ৫০০ টন। অর্থাৎ মোট রফতানিযোগ্য চিংড়ির প্রায় ৩০ শতাংশই উৎপাদন হয় সাতক্ষীরা জেলায়। কিন্তু মানসম্মত চিংড়ির অভাবে টিকে থাকতে পারছে না সাতক্ষীরার প্রক্রিয়াকরণ চিংড়ি কারখানাগুলো। এতে লোকসানের মুখে পড়েছে স্থানীয় কারখানাগুলো। এরই মধ্যে বন্ধ হয়ে গেছে একাধিক কারখানা। চট্টগ্রামের শিল্পপতি মো. কপিল উদ্দীন সাতক্ষীরা সদর উপজেলার বিনেরপোতার বিসিক শিল্পনগরীতে ২০০৮ সালে ১০ কোটি টাকা ব্যয়ে প্রতিষ্ঠা করেন মোস্তফা অর্গানিক শ্রিম্প প্রডাক্টস লিমিটেড। মোস্তফা অর্গানিক শ্রিম্প প্রডাক্টস লিমিটেডের জেনারেল ম্যানেজার মো. আব্দুল মোনায়ম জানান, মানসম্মত চিংড়ি সংকটের কারণে কারখানাটির পক্ষে টিকে থাকা মুশকিল হয়ে পড়েছে।  
<http://bonikbarta.net>

### লংকাবাংলার আয়োজন : চট্টগ্রামে শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত

স্বপ্নের বাংলাদেশ' প্রতিপাদ্য নিয়ে চট্টগ্রামে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করেছে আর্থিক খাতের অন্যতম শীর্ষ প্রতিষ্ঠান লংকাবাংলা। গতকাল সকালে নগরীর কাজির দেউড়ির ইন্টারন্যাশনাল কনভেনশন সেন্টারে সপ্তমবারের মতো এ চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এ চিত্রাঙ্কন প্রতিযোগিতায় চট্টগ্রামের ৫০টি স্বনামধন্য স্কুলের ৫০৮ জন শিক্ষার্থী দুই ভাগে অংশ নেয়া প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়। চট্টগ্রামে আয়োজিত এ চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অতিথি ছিলেন লংকাবাংলা ফিন্যান্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক খাজা শাহারিয়ার ও লংকাবাংলা ক্যাপিটাল মার্কেট অপারেশনসের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ নাসির উদ্দিন চৌধুরী।  
<http://bonikbarta.net>

### মেক্সিকো সীমান্ত বন্ধের হুমকি : প্রতিবাদ জানাতে জড়ো হলেন মার্কিন ও মেক্সিকোর ব্যবসায়ী নেতারা

যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্ত বন্ধে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হুমকির বিরুদ্ধে প্রতিবাদ জানাতে গত শুক্রবার মেক্সিকোতে জড়ো হন দুই দেশের ব্যবসায়ী নেতারা। হুমকির প্রতিবাদ করার পাশাপাশি ইস্পাতের ওপর মার্কিন শুল্ক প্রত্যাহারেও প্রেসিডেন্ট ট্রাম্পের প্রতি আহ্বান জানিয়েছেন তারা। ইস্পাতের ওপর শুল্ক আরোপের কারণে গত বছর দুই দেশের মধ্যে অনুষ্ঠিত একটি বাণিজ্য চুক্তি বাস্তবায়ন ব্যাহত হচ্ছে। খবর রয়টার্স। মেক্সিকোর পশ্চিমাঞ্চলের শহর মেরিদায় অনুষ্ঠিত একটি বৈঠকে উপস্থিত হয়েছিলেন দুই দেশের সরকারি কর্মকর্তা ও ব্যবসায়ী নেতারা। যুক্তরাষ্ট্র-মেক্সিকো সীমান্ত বাণিজ্য বন্ধে প্রেসিডেন্ট ট্রাম্প যে হুমকি দিয়েছিলেন, তা থেকে সরে আসার আহ্বান জানাতেই গত শুক্রবার জড়ো হয়েছিলেন দুই দেশের কর্মকর্তা ও ব্যবসায় লবিস্টরা।  
<http://bonikbarta.net>

### ছেলার দামে রোজার আগাম ছোঁয়া

রোজা শুরু হতে ২০ দিনের মতো বাকি। এরই মধ্যে পাইকারি পর্যায়ে ছেলার দাম বাড়তে শুরু করেছে। দেশে ভোগ্যপণ্যের সবচেয়ে বড় পাইকারি বাজার চট্টগ্রামের খাতুনগঞ্জে গত এক সপ্তাহেই পণ্যটির দাম মগপ্রতি ১৫০ টাকা বেড়ে গেছে। রোজায় বাড়তি চাহিদার বিষয়টি মাথায় রেখে স্থানীয় ব্যবসায়ী ও আমদানিকারকরা ছেলার পর্যাপ্ত মজুদ গড়ে তুলেছেন। এর পরও রোজা শুরুর আগেই দেশের বাজারে পণ্যটির দাম বাড়তে শুরু করেছে। তবে ব্যবসায়ীদের দাবি, ছেলার এ মূল্য বৃদ্ধি সাময়িক। আমদানি পর্যাপ্ত হওয়ায় আগামী রোজায় ছেলার বাজার স্থিতিশীল থাকবে।  
<http://bonikbarta.net>

